গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.০৬.০০৩.১৪-৪৭৮

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১৬ মে ২০২২

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা
প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়,
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ <u>হজ কারিগরী দল ১৪৪৩ হিজরি/২০২২ খ্রি. গঠন।</u>

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৪৪৩ হিজরি/২০২২ খ্রি. হজ মৌসুমে সৌদি আরবে বাংলাদেশ হজ অফিস জেদ্দা/মক্কা/মদিনায় হজ প্রশাসনিক দল/মৌসুমী হজ অফিসারগণকে দাপ্তরিক সহযোগিতা এবং প্রয়োজনীয় আনুষঙ্গিক সহায়তা প্রদানের জন্য ১৫ (পনের) সদস্য বিশিষ্ট হজ কারিগরী দল ১৪৪৩ হিজরি/২০২২ খ্রি. এর সদস্যগণকে নিম্নোক্তভাবে সৌদি আরবে প্রেরণে সরকারের সম্মতি জ্ঞাপন করছি:

গ্রুপ	ক্র. নং	নাম,বাংলাদেশে পদবী ও কর্মস্থল	সৌদি আরবে কর্মস্থল	সৌদি আরবে কর্মকাল
১ম পর্যায়	১.	জনাব মো: সালাউদ্দিন সরকার, সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ	মক্কা	৩১.০৫.২০২২ হতে ১৪.০৭.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।
	২.	জনাব মোস্তাকিম মোহাম্মদ খান, সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর কার্যালয়	মদিনা	
	৩.	জনাব মো. গোলাম মোস্তফা, ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
	৪.	জনাব এইচ এম আরিফুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ নিয়োগ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়	জেদ্দা	
	৫.	জনাব রাসেল মামুদ, প্রশাসনিক কর্মকর্তা (ওমরাহ শাখা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা	
	৬.	জনাব শিহাব উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
	৭.	জনাব মো: জিয়াউর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, উর্ধ্বতন নিয়োগ-২ শাখা, এপিডি জনপ্রশাসন মন্ত্রণালয়	জেদ্দা	
২য় পর্যায়	১.	জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	০৩.০৭.২০২২ হতে ১৪.০৮.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।
	২.	জনাব মোহাম্মদ নাজমুল হাসান, প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা	
	৩.	জনাব মো. আবদুর রউফ শাহিন, প্রশাসনিক কর্মকর্তা (হজ-২ শাখা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
	৪.	জনাব মুহা. ইয়াকুব আলী জুলমাতী, প্রশাসনিক কর্মকর্তা (হজ-১ শাখা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
	৫.	জনাব মোঃ আব্দুস সালাম, ব্যক্তিগত কর্মকর্তা {অতি: সচিব (হজ) এর দপ্তর} ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা	
	৬.	জনাব মো: মাইনুল ইসলাম, ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
	৭.	জনাব মোঃ দেলোয়ার হোসেন (পরিকল্পনা-১ শাখা), সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	জেদ্দা	
	৮.	জনাব আহমদ মোস্তফা মোল্লা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, হজ অফিস, ঢাকা	জেদ্দা	

২. হজ কারিগরি দলের সদস্যগণ বিমানের ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে তাদের নামের বিপরীতে উল্লিখিত তারিখ অনুযায়ী সৌদি আরব গমন ও বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন এবং বর্ণিত সময়ে তাদের চাকুরীকাল ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বলে গণ্য হবে। তারা সৌদি আরবে গমনপূর্বক কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরবে যোগদানপত্র জমা দিবেন এবং বাংলাদেশে প্রত্যাবর্তনকালে প্রত্যয়নপত্র সংগ্রহ করবেন।

৩. হজ কারিগরী দলের কোন সদস্য তার দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্মীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না।

৪. এ সফর সরকারি সফর হিসেবে গণ্য হবে এবং বিদেশে অবস্থানকালে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশের স্থানীয় মুদ্রায় নিজ নিজ কর্মস্থল হতে যথারীতি বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে উক্ত দলের কোন সদস্যই সর্বোচ্চ ৪২ (বিয়াল্লিশ) দিনের বেশি দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৫. হজ কারিগরী দলের সদস্যদের যাবতীয় ভ্রমণ ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের "বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয়" খাতের অর্থনৈতিক কোড নং-১৩৫০১০১-১২০০০১৭০১-৩২৪৪১০১ এ বরাদ্দকৃত "ভ্রমণ ব্যয়" বাবদ অর্থ হতে বহন করা হবে। অগ্রিম হিসেবে ২,০০০০০ (দুই লক্ষ) টাকা বিলের মাধ্যমে উত্তোলন করে প্রদান করা হবে। চূড়ান্ত বিল পরিশোধকালে উক্ত অর্থ সমন্বয় করা হবে।

৬. হজ কারিগরী দলের সদস্যগণ হজ প্রশাসনিক দলের দলনেতা/ মৌসুমী হজ অফিসারগণের নির্দেশনামতে অর্পিত দায়িত্ব পালন করবেন। এ দলের সদস্যদের শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে সরকারি চাকুরি আইন, ২০১৮ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ প্রযোজ্য হবে এবং শৃঙ্খলা ভঙ্গসহ অসদাচরণের কারণে উক্ত আইনসমূহ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে/গ্রহণ করার জন্য সুপারিশ করা হবে।

৭. হজ কারিগরী দলের সদস্যগণকে প্রয়োজনবোধে সৌদি আরব অবস্থানকালিন কাউন্সেলর (হজ) প্রয়োজনের নিরিখে হজ প্রশাসনিক দলের দলনেতা/ মৌসুমী হজ অফিসারের সাথে পরামর্শক্রমে দায়িত্ব পুন:বন্টন করতে পারবেন।

৮. হজ কারিগরী দলের সদস্যগণকে প্রয়োজনে সৌদি আরবের জেদ্দা/মক্কা/মদিনায় কাউন্সেলর (হজ) কর্তৃক নির্ধারিত ভবন/ হোটেল/ বাড়িতে অবস্থান করতে হবে।

৯. হজ কারিগরী দলের সদস্যদেরকে চূড়ান্ত বিল উত্তোলনের পূর্বে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস,জেদ্দা, সৌদি আরব কর্তৃক প্রদত্ত অবস্থানকালীন প্রত্যয়নপত্র, সৌদি আরবে গমন ও প্রত্যাগমনের টিকেট/বোর্ডিং পাস এবং **পাসপোর্টে ডিপারচার ও এ্যারাইভাল এর সীলযুক্ত পাতার ফটোকপি ৪ সেট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় দাখিল করতে হবে।**

১০. হজ কারিগরী দলের সদস্যদেরকে নিয়ে আগামী ২৭.০৫.২০২২ খ্রি. তারিখ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-১৫১৫, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বেলা: ১১.০০ টায় ওরিয়েনটেশন অনুষ্ঠিত হবে। উক্ত ওরিয়েনটেশনে আবশ্যিকভাবে সকলকে উপস্থিত থাকতে হবে।

১১. হজ কারিগরি দলের ১ম ব্যাচের সদস্যদের পাসপোর্ট আগামী ১৯.০৫.২০২২ খ্রি. তারিখের মধ্যে এবং ২য় ব্যাচের সদস্যদের পাসপোর্ট আগামী ১৫.০৬.২০২২ খ্রি. তারিখের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ শাখায় (কক্ষ নং-১৪১৮, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) জমা দিতে হবে। পাসপোর্টের সাথে হজ ওয়েবসাইটে (www.hajj.gov.bd) ফরম সেকশনে বর্ণিত ফরম-৭ পূর্ণাঙ্গ ভাবে পূরণ করে পূরণকৃত ফরমসহ পাসপোর্টের মূল পাতার ফটোকপির ২ সেট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

১৬.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.০৬.০০৩.১৪-৪৭৮

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১৬ মে ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. দলনেতা, হজ প্রশাসনিক দল ১৪৪৩ হিজরি/২০২২ খ্রি., ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যুর অনুরোধসহ)
৫. হিসাব মহানিয়ন্ত্রক, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৬. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৯. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, ঢাকা
১৩. উপসচিব (নিরাপত্তা-২), জননিরপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (হজ কারিগরি দলের সদস্যদের মধ্যে সচিবালয়ের বাহিরের অফিসের সদস্যদেরকে ১৯.০৫.২০২২ তারিখ ও ২৭.০৫.২০২২ খ্রি. তারিখ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)
১৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. মহাব্যবস্থাপক (সেলস্), বিমান, মতিঝিল, ঢাকা **(বর্ণিত সদস্যদের অনুকূলে নির্ধারিত তারিখে বিমান টিকিট সংরক্ষণের অনুরোধসহ)**
১৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, দর্শনার্থী গেট ১/২/৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আগামী ১৯.০৫.২০২২ তারিখ ও ২৭.০৫.২০২২ খ্রি. তারিখ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)
২০. উপ-মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, জিরোপয়েন্ট শাখা, ঢাকা
২১. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
২২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা **(তাকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ সংক্রান্ত ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশের অনুরোধসহ)**
২৩. জনাব ....।
২৪. অফিস কপি

১৮.০৫.২০২২
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব